গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moi.gov.bd)

নং- ১৫.০০.০০০০.০২৪.১৮.১৮৫.১৪- ৭০৯

তারিখঃ ১৩ আশ্বিন, ১৪২৩
২৮ সেপ্টেম্বর, ২০১৬

বিষয়ঃ বাংলাদেশ টেলিভিশনের জেলা প্রতিনিধি নিয়োজন নীতিমালা অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: বিটিভির ১১/৭/২০১৬ তারিখের ২৪৮৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এতদসঙ্গে সংযুক্ত "বাংলাদেশ টেলিভিশন জেলা প্রতিনিধি নিয়োজন নীতিমালা" তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নীতিমালাটি প্রেরণ করা হল।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

(মোঃ আখতারুজ্জামান তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৫০১৭।
ই-মেইলঃ tv2@moi.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা।

# বাংলাদেশ টেলিভিশন জেলা প্রতিনিধি নিয়োজন নীতিমালা

## ১.০ উপক্রমণিকা

বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) একমাত্র রাষ্ট্রীয় অডিও ভিজুয়্যাল গণমাধ্যম। জনগণের নিকট তথ্য প্রদান, শিক্ষার প্রসার, সরকারি উন্নয়নমূলক কর্মকান্ডে জনগণকে উদ্বুদ্ধকরণ ও নির্মল আনন্দ প্রদান-এ চারটি মূল লক্ষ্যকে সামনে রেখে এ প্রতিষ্ঠান অনুষ্ঠান ও সংবাদ প্রচার করে থাকে। রাষ্ট্রীয় সম্প্রচার মাধ্যম হিসেবে বিটিভি জাতির ইতিহাস ও ঐতিহ্যের লালন এবং সংস্কৃতির পৃষ্ঠপোষকতা ও প্রান্তিক জনগণের আশা-আকাংখার প্রতিফলন ঘটিয়ে অনুষ্ঠান এবং সংবাদ প্রচারে দায়বদ্ধ। সংবাদ বাংলাদেশ টেলিভিশনের একটি গুরুত্বপূর্ণ উপাদান। একটি স্বাধীন, বস্তুনিষ্ঠ এবং দায়িত্বশীল সংবাদ সম্প্রচার কাঠামো গড়ে তোলার লক্ষ্যে জেলা প্রতিনিধি নিয়োজনের জন্য একটি নীতিমালা প্রণয়ন প্রয়োজন।

## ২.০ শিরোনাম

এ নীতিমালা 'বাংলাদেশ টেলিভিশন জেলা প্রতিনিধি নিয়োজন নীতিমালা' হিসেবে অভিহিত হবে।

## ৩.০ লক্ষ্য ও উদ্দেশ্য

৩.১ সরকারের গৃহীত নীতিমালা ও কর্মকান্ড তৃণমূল পর্যায়ে কিভাবে বাস্তবায়িত হচ্ছে, তার বাস্তব অবস্থা ও মানুষের ব্যক্তি উদ্যোগে গৃহীত উন্নয়নের নানা দিক পেশাগত দক্ষতার সাথে তুলে ধরা। একই সঙ্গে দেশ ও মানুষের উন্নয়ন ও কল্যাণে স্থানীয় পর্যায়ে গৃহীত বিভিন্ন উদ্যোগ, কার্যক্রম, সাফল্য ও সম্ভাবনার চিত্র তুলে ধরা;

৩.২ তৃণমূল পর্যায়ে বাংলাদেশের উন্নয়ন কার্যক্রম, বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও প্রযুক্তির উন্নয়ন, নারী, প্রতিবন্ধী ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর ক্ষমতায়ন এবং দারিদ্র্য বিমোচনসহ উন্নয়ন সম্পর্কিত সংবাদ সংগ্রহ ও প্রচার;

৩.৩ মহান মুক্তিযুদ্ধের ইতিহাস, আদর্শ ও চেতনা, বাংলাদেশের নিজস্ব সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি ও বিভিন্ন অঞ্চলের সাংস্কৃতিক ধারার প্রতিফলন, সামাজিক মূল্যবোধ এবং রাষ্ট্রীয় নীতিমালার সঙ্গে সামঞ্জস্য রেখে স্থানীয় পর্যায়ের সংবাদ সংগ্রহ ও প্রেরণ নিশ্চিত করা;

৩.৪ স্থানীয় পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন, জাতীয় শোক দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন/উদযাপনের সংবাদ সংগ্রহ ও প্রেরণ।

৩.৫ তৃণমূল পর্যায়ে সংঘটিত বিভিন্ন ঘটনার অনুসন্ধানী/ডেপথ রিপোর্টিং এর মাধ্যমে প্রশাসনের বিভিন্ন স্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা, সুশাসন নিশ্চিতকরণ ও মানবাধিকার সমুন্নত রাখতে সহায়তা করা;

৩.৬ জেলা প্রতিনিধি নিয়োজন, যোগ্যতা যাচাই-বাছাই ও মূল্যায়নের পাশাপাশি অব্যাহতি প্রদান/অপসারণের ক্ষেত্রে গাইডলাইন প্রদান।

৪.০ নিয়োজন প্রক্রিয়া

৪.১ নিয়োজন কমিটি গঠন: বাংলাদেশ টেলিভিশনের উপ-মহাপরিচালক (বার্তা)-কে সভাপতি করে পাঁচ সদস্য বিশিষ্ট নিম্নরূপ নিয়োজন কমিটি গঠন করা হবে:

| | | |
|---|---|---|
| ১. | উপ-মহাপরিচালক (বার্তা)<br>বাংলাদেশ টেলিভিশন | - সভাপতি |
| ২. | পরিচালক (বার্তা)<br>বাংলাদেশ বেতার | - সদস্য |
| ৩. | তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি | - সদস্য |
| ৪. | অতিরিক্ত পরিচালক (প্রশাসন)<br>বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয় | সদস্য |
| ৫. | মুখ্য বার্তা সম্পাদক<br>বাংলাদেশ টেলিভিশন | - সদস্য-সচিব |

৪.২ নিয়োজন সুপারিশ

নিয়োজন কমিটি আবেদনকারীদের মধ্য থেকে দক্ষতা, যোগ্যতা, অভিজ্ঞতা ও সুনাম বিবেচনা করে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে যোগ্য প্রার্থীদের নিয়োজনের জন্য সুপারিশ করবে। প্রয়োজনীয়তার নিরিখে কমিটি সময়ে সময়ে প্রার্থী বাচাইয়ের মানদন্ড/প্রক্রিয়া পরিবর্তনে সুপারিশ করতে পারবে। সে মোতাবেক পরিবর্তিত পদ্ধতিতে প্রতিনিধি নিয়োজনের সুপারিশ করা যাবে।

৪.৩ দায়িত্ব: জেলা প্রতিনিধির দায়িত্ব সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে হবে। জেলা প্রতিনিধি হিসেবে নিয়োজিত কোন ব্যক্তি দায়িত্ব পালন শেষে সরকারের কাছে কোন সুযোগ সুবিধা দাবী করতে পারবেন না। তাছাড়া, দায়িত্বপ্রাপ্তি বা অব্যাহতির বিষয়ে কোন আদালতের দ্বারস্থ হতে পারবেন না।

৫.০ জেলা সংবাদ প্রতিনিধি নিয়োজনের সংখ্যা

৫.১ সাধারণভাবে প্রতি জেলায় একজন জেলা সংবাদ প্রতিনিধি নিয়োজন করা হবে। বিশেষ গুরুত্ব বিবেচনা করে কর্তৃপক্ষ এ সংখ্যা বৃদ্ধি করতে পারবে, তবে এক জেলায় সর্বোচ্চ দুই জনের বেশি প্রতিনিধি নিয়োজন করা যাবে না।

৫.২ ঢাকা মহানগরীর জন্য জেলা প্রতিনিধি নিয়োজনের শর্ত শিথিলযোগ্য। মহানগরীর প্রয়োজনীয়তা অনুযায়ী সর্বোচ্চ ১০ (দশ) জন সংবাদ প্রতিনিধি নিয়োজন করা যাবে।

৫.৩ একাধিক সংবাদ প্রতিনিধি নিয়োজনের ক্ষেত্রে কর্তৃপক্ষ অধিক্ষেত্র ও কর্মক্ষেত্র সুনির্দিষ্ট করে দিবে।

৬.০ জেলা প্রতিনিধি হিসেবে নিয়োজন প্রাপ্তির যোগ্যতা

৬.১ **শিক্ষাগত যোগ্যতা:** বাংলাদেশ টেলিভিশনে জেলা সংবাদ প্রতিনিধি হিসেবে নিয়োজন প্রাপ্তির শিক্ষাগত যোগ্যতা হবে যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতক ডিগ্রি। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে;

৬.২ **প্রশিক্ষণ:** জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট বা এ জাতীয় স্বীকৃত মিডিয়া প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে প্রিন্ট মিডিয়া/ইলেকট্রনিক মিডিয়ায় সাংবাদিকতা বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে;

৬.৩ অন্যান্য যোগ্যতা

৬.৩.১ **উচ্চারণ ও কণ্ঠস্বর:** জেলা প্রতিনিধিদের মাইক্রোফোন উপযোগী কণ্ঠস্বর, আকর্ষণীয় বাচনভঙ্গি ও প্রমিত বাংলা শব্দমালা উচ্চারণের অধিকারী হতে হবে। শব্দের ব্যবহার, উচ্চারণ ও শব্দ প্রক্ষেপণে আঞ্চলিকতা পরিহার করতে হবে। কোন স্বীকৃত মিডিয়া প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের অভিজ্ঞতা বাড়তি যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

৬.৩.২ **ক্যামেরা অডিশন:** প্রাথমিকভাবে উত্তীর্ণ প্রার্থীদের মাইক্রোফোন ও ক্যামেরার সামনে নি:সংকোচ ও সাবলীলভাবে কথা বলার অধিকারী হতে হবে। এ সাবলীলতা যাচাই এর জন্য তাদের ক্যামেরা অডিশনে উত্তীর্ণ হতে হবে। কোন ঘটনা প্রবাহের ওপর চলতি বিবরণী দেয়ার সক্ষমতাকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে;

৬.৩.৩ **কাজ করার সক্ষমতা :** জেলা প্রতিনিধিদের সংবাদ লিখন, সম্পাদনা ও ভিডিও সম্পাদনা দ্রুততার সাথে সম্পন্ন করার যোগ্যতাসম্পন্ন হতে হবে;

৬.৩.৪ **কারিগরি জ্ঞান:** জেলা প্রতিনিধিগণকে ক্যামেরা, এডিটিং প্যানেল, এফটিপি, অন-লাইন এডিটিং এবং সম্প্রচার সংশ্লিষ্ট বিভিন্ন কারিগরি জ্ঞান সম্পন্ন হতে হবে। ওয়েবসাইট, নিউ মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সক্ষম হতে হবে;

৬.৩.৫ **দলবদ্ধভাবে কাজ করার মানসিকতা:** জেলা প্রতিনিধিদের দলবদ্ধ হয়ে কাজ করার মানসিকতা সম্পন্ন হতে হবে;

৬.৩.৬ **ভ্রমণ করার মানসিকতা ও সক্ষমতা:** প্রত্যন্ত অঞ্চলে ভ্রমণ করার মানসিকতা ও শারীরিক সামর্থ্য থাকতে হবে;

৭.০ আবেদনের অযোগ্যতা

নিম্নবর্ণিত ব্যক্তিগণ এই নিয়োজনের জন্য যোগ্য বিবেচিত হবেন না:

৭.১ ফৌজদারী/দুর্নীতি মামলায় সাজাপ্রাপ্ত কোন ব্যক্তি;

৭.২ সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বেতনভুক্ত কর্মচারী;

৭.৩ সরকারি যে কোন খাত হতে বেতনভুক্ত অন্যান্য যে কোন কর্মচারী; ও

৭.৪ নির্বাচিত জনপ্রতিনিধি।

৮.০ নিয়োজন প্রাপ্তির বয়স

নিয়োজন প্রাপ্তির জন্য আবেদনকালে জেলা প্রতিনিধিদের সর্বনিম্ন বয়স হবে ৩০ বৎসর। বিশেষ ক্ষেত্রে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের বয়সের নিম্নসীমা শিথিল করা যেতে পারে।

৯.০ সম্মানীর পরিমাণ

জেলা প্রতিনিধিগণ বিদ্যমান ব্যবস্থা অনুযায়ী শিল্পী সম্মানীখাত বা পরবর্তী সময়ে সৃষ্ট অন্য কোন খাত থেকে নির্ধারিত হারে সম্মানী পাবেন। জেলা প্রতিনিধিদের প্রতি মাসে নির্ধারিত হারে নির্দিষ্ট পরিমান ভাতা প্রদান করা হবে। পরবর্তীতে প্রতিটি সংবাদ প্রেরণের জন্য সম্মানী প্রদান করা হবে। সম্মানীর হার কর্তৃপক্ষ নির্ধারণ করবে।

১০.০ শিক্ষানবিসকাল

প্রাথমিকভাবে ৩ মাসের জন্য শিক্ষানবিস সংবাদ প্রতিনিধি হিসেবে নিয়োজন দেয়া হবে এবং সফলভাবে শিক্ষানবিসকাল উত্তরণ শেষে নিয়মিতভাবে দায়িত্ব পালনের জন্য নিয়োজন পত্র দেয়া হবে। প্রথম ৩ মাসে সংশ্লিষ্ট শিক্ষানবিস সংবাদ প্রতিনিধির কাজ সন্তোষজনক না হলে শিক্ষানবিসকাল বৃদ্ধি করা যাবে। শিক্ষানবিসকালে কেউ সন্তোষজনক দায়িত্ব পালনে ব্যর্থ হলে তাকে নিয়মিত নিয়োজন দেয়া হবে না।

**১১.০ মূল্যায়ন পদ্ধতি**

কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে ইন সার্ভিস দক্ষতা মূল্যায়নের জন্য জেলা প্রতিনিধিদের সময় সময় মূল্যায়ন পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মূল্যায়ন পরীক্ষায় অনুত্তীর্ণদের নিয়োজন বাতিল করা হবে।

**১২.০ অবসরের বয়সসীমা**

জেলা প্রতিনিধিগণ শারীরিক ও মানসিকভাবে দায়িত্ব পালনে সক্ষম হলে সর্বোচ্চ ৬৫ বছর পর্যন্ত দায়িত্ব পালন করতে পারবেন।

**১৩.০ অব্যাহতি/অপসারণঃ** নিয়োজনপ্রাপ্ত জেলা সংবাদ প্রতিনিধিকে কর্তৃপক্ষ অক্ষমতা, অসদাচরণ, দুর্নীতি বা নাশকতামূলক কর্মকান্ডে সম্পৃক্ততা বা ফৌজদারী সাজাপ্রাপ্ত হলে কোন কারণ দর্শানোপূর্বক অথবা কারণ দর্শানো ছাড়াই অব্যাহতি প্রদান/অপসারণ করতে পারবেন।

**১৪.০ নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন**

এই নীতিমালা জারির পর কর্তৃপক্ষ প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরিখে এটি সংশোধন, পরিবর্ধন, পরিমার্জন, পরিবর্তন ও প্রতিস্থাপন করার চূড়ান্ত এখতিয়ার সংরক্ষণ করে।

**১৫.০ নীতিমালার কার্যকারিতা**

এই নীতিমালা বর্তমানে কর্মরত জেলা সংবাদ প্রতিনিধিদের নিয়োজনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। তবে এই নীতিমালায় বর্ণিত সম্মানী প্রদান, মূল্যায়ন পদ্ধতি, অবসরের বয়সসীমা এবং অব্যাহতি/অপসারণ সংক্রান্ত অনুচ্ছেদসমূহ নীতিমালাটি কার্যকরের তারিখ থেকে সকল জেলা প্রতিনিধির জন্য প্রযোজ্য হবে।

এই নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে।